



মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্র বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

গবেষণা বৃত্তি ও অনুদান প্রদানের জন্য গবেষণা প্রস্তাবনা আহ্বান (২য় আহ্বান)

২০১৬-২০১৭ অর্থ বৎসরে গবেষণা বৃত্তি ও অনুদান প্রদানের লক্ষ্যে গবেষণা প্রস্তাবনা আহ্বান (২য় আহ্বান) করা যাচ্ছে। গবেষণার বিষয়-বস্তু অবশ্যই মুক্তিযুদ্ধ কেন্দ্রিক হতে হবে। গবেষণা প্রস্তাবনা দাখিলে আগ্রহী ব্যক্তির যোগ্যতা ও অভিজ্ঞতা এবং গবেষণা বৃত্তি ও মঞ্জুরীর পরিমাণ:

১। পিএইচডি গবেষণা বৃত্তি :

ক) বৃত্তির পরিমাণ মাসে ১২,০০০/- (বার হাজার) টাকা এবং গবেষণা বৃত্তি ০৩ বৎসরের জন্য চলমান থাকবে। বৎসরে মোট দুইটি বৃত্তি প্রদান করা হবে।

খ) আবেদনকারী বাংলাদেশের কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ের নিয়ম-নীতির আওতায় রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে। উল্লেখ্য, রেজিস্ট্রেশন পাওয়ার পূর্বে প্রার্থী আবেদন করতে পারবেন, তবে রেজিস্ট্রেশন পাওয়ার পরই কেবলমাত্র গবেষণা বৃত্তি ছাড় দেয়া হবে।

গ) সর্বোচ্চ ৫০০ (পাঁচশত) শব্দের মধ্যে গবেষণা প্রস্তাবনা পেশ করতে হবে। গবেষণা প্রস্তাবনায় গবেষণার উদ্দেশ্য, প্রয়োজনীয়তা, গবেষণায় অনুসৃতব্য পদ্ধতি এবং পরিকল্পনা (design) সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

২। গবেষণা অনুদান :

ক) গবেষণা অনুদানের পরিমাণ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা (প্রতিটি)

খ) মোট ৫ (পাঁচ)টি গবেষণা কর্মের জন্য অনুদান মঞ্জুর করা হবে।

গ) সর্বোচ্চ ৩০০ (তিনশত) শব্দের মধ্যে গবেষণা প্রস্তাবনা পেশ করতে হবে। গবেষণা প্রস্তাবনায় গবেষণার উদ্দেশ্য, প্রয়োজনীয়তা, গবেষণায় অনুসৃতব্য পদ্ধতি এবং পরিকল্পনা (design) উল্লেখ করতে হবে।

৩। আবেদনকারীকে সাদা কাগজে আবেদন করতে হবে। আবেদন পত্রে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে যে তিনি গবেষণা বৃত্তি অথবা গবেষণা অনুদানের যেকোনো একটির জন্য আবেদন করেছেন। আবেদনপত্রে প্রার্থীর পূর্ণাঙ্গ নাম, ঠিকানা, পেশা এবং গবেষণা বৃত্তির ক্ষেত্রে সম্ভাব্য সুপারভাইজারের নাম, পদবী ও ঠিকানা উল্লেখ থাকতে হবে। আবেদনের সমর্থনে সকল সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

৪। পিএইচডি গবেষণা বৃত্তির জন্য যিনি আবেদন করবেন তাকে অবশ্যই যে বিশ্ববিদ্যালয়ের নিয়ম-নীতির আওতায় আবেদন করবেন তার একটি কপি আবেদনের সাথে সংযুক্ত করবেন।

৫। গবেষণা বৃত্তি এবং গবেষণা অনুদান প্রদানের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় অনুমোদিত মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের ম্যানেজম্যান্ট কাউন্সিলের সুপারিশই চূড়ান্ত বলে বিবেচিত হবে।।

৬। আবেদন পত্র এবং গবেষণা প্রস্তাবনা আগামী ১৫/০৪/২০১৭ তারিখের মধ্যে পরিচালক, মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্র, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বরাবর পৌঁছাতে হবে।

ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাঁদের পুনঃ আবেদনের প্রয়োজন নেই।

অধ্যাপক আবুল হোসাইন আহমেদ ভূঁইয়া, পিএইচডি
পরিচালক, মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্র
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়